সংবাদ

তারিখ ...... JUN 2003
পৃষ্ঠা ...... 

# ২৩টি মাধ্যমিক স্কুল ও দাখিল মাদ্রাসার বিরুদ্ধে নোটিশ জারি

চাঁপাইনবাবগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক ঃ ২০০২ সালে অনুষ্ঠিত এসএসসি ও দাখিল পরীক্ষায় 'যেসব শিক্ষা প্রতিষ্ঠানের একজনও পাস করতে পারেনি সেসব শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তি কেন বাতিল করা যাবে না' এ মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়েছে। রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সহকারী পরিচালক চাঁপাইনবাবগঞ্জ জেলার মোট ২৩টি মাধ্যমিক স্কুল ও দাখিল মাদ্রাসার কর্তৃপক্ষদের এ নোটিশ প্রদান করেছেন। জেলা শিক্ষা অফিসার ও উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে প্রেরিত এ নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে সন্তোষজনক লিখিত জবাব দাখিল করার নির্দেশ দেয়া হয়েছে।

২৩টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সদর উপজেলার ১টি, শিবগঞ্জ উপজেলার ১৫টি এবং গোমস্তাপুর নাচোল ও ভোলাহাট উপজেলায় ৭টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। ২৩টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১১টি মাধ্যমিক স্কুল ও ১২টি মাদ্রাসা।

এ নোটিশ প্রাপ্তির ওই সব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মধ্যে প্রচণ্ড হতাশা দেখা দিয়েছে।